




আজ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৬তম জন্মবার্ষিকী



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ছবি: সংগৃহীত

আজ মহান নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৬তম জন্মবার্ষিকী। ১৯২০ সালের ১৭ মার্চ গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন তিনি। তার পিতা শেখ লুৎফর রহমান এবং মাতা সায়েরা খাতুন।

কৈশোর থেকেই রাজনীতির প্রতি ঝোঁক তৈরি হয় মুজিবের। আন্দোলন-সংগ্রামে সক্রিয় অংশগ্রহণের কারণে অল্প বয়সেই তাকে কারাবরণ করতে হয়। নানা প্রতিকূলতা পেরিয়ে ধীরে ধীরে তিনি জাতীয় রাজনীতির এক গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব হিসেবে উঠে আসেন।

১৯৭১ সালের ৭ মার্চ রেসকোর্স ময়দানে তার ঐতিহাসিক ভাষণ বাঙালির মুক্তির সংগ্রামে নতুন দিকনির্দেশনা দেয়। একই বছরের ২৫ মার্চ রাতে পাকিস্তানি সেনাবাহিনী তাকে গ্রেফতার করে। এরপর দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধ শেষে ১৬ ডিসেম্বর স্বাধীন বাংলাদেশের অভ্যুদয় ঘটে।

স্বাধীনতার পর ১৯৭৫ সালের ১৫ আগস্ট সপরিবারে নিহত হন বঙ্গবন্ধু। এই মর্মান্তিক ঘটনার পর থেকেই তার জন্মদিন বিভিন্ন সময়ে বিভিন্নভাবে পালিত হয়েছে—কখনও সীমিত পরিসরে, আবার কখনও বড় আয়োজনে। বিশেষ করে আওয়ামী লীগ সরকারের সময় দিবসটি জাঁকজমকপূর্ণভাবে উদযাপিত হতো।

তবে ২০২৪ সালের ৫ আগস্ট ছাত্র-জনতার আন্দোলনের মাধ্যমে শেখ হাসিনার পতনের পর প্রেক্ষাপট বদলে যায়। গত দুই বছর ধরে তেমন আনুষ্ঠানিকতা ছাড়াই দিবসটি পালিত হচ্ছে।